

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৩৮৫

১/ বিবিধ

আরবী

كان يدعو: اللهم اجعل أوسع رزقك علي عند كبر سني وانقطاع عمري
ضعيف جدا

أخرجه الحاكم (1/542) من طريق عيسى بن ميمون مولى القاسم بن محمد بن أبي بكر

الصدیق عن القاسم بن محمد عن عائشة رضي الله عنها مرفوعا، وقال " هذا حديث حسن الإسناد والمتن، إلا أن عيسى بن ميمون لم يحتج به الشيخان قلت: ولا غيرها! ولذلك تعقبه الذهبي بقوله

قلت: عيسى متهم

قلت: لكن الظاهر أنه لم يتفرد به، فقد قال الهيثمي في "المجمع" (10/182)

" رواه الطبراني في "الأوسط"، وإسناده حسن

ثم وقفت على إسناده في "الأوسط" (3755 - مصورتي) فإذا هو عنده من طريق

عيسى

ابن ميمون الذي في سند الحاكم، فبقي الحديث على ضعفه الشديد، فنقلته إلى هنا

بعد أن كنت أوردته في الكتاب الآخر، تقليدا لتحسين الهيثمي، وأتباعا له كما

يقول الصنعاني في رسالته "تيسير الاجتهاد"، وبناء على ذلك أوردته في "صحيح

الجامع الصغير" برقم (1266)، فيرجى نقله من هناك إلى "ضعيف الجامع الصغير

ربنا لا تؤاخذنا إن نسينا أو أخطأنا

বাংলা

১৩৮৫। রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দুআ করতেনঃ হে আল্লাহ্ তুমি আমার বৃদ্ধ বয়সে এবং আমার জীবনের শেষ প্রান্তে আমার প্রতি তোমার রিয়কে প্রশস্ত করে দাও (বাড়িয়ে দাও)।

হাদীসটি খুবই দুর্বল।

হাদীসটি হাকিম (১/৫৪২) কাসেম ইবনু মুহাম্মাদ ইবনে আবী বাকর সিদ্দীক এর দাস ঈসা ইবনু মায়মুন সূত্রে কাসেম ইবনু মুহাম্মাদ হতে, তিনি আয়েশা (রাঃ) হতে মারফু বর্ণনা করেছেন। তিনি বলেনঃ এ হাদীসের সনদ এবং ভাষা হাসান পর্যায়ভুক্ত। কিন্তু ঈসা ইবনু মায়মূনের দ্বারা বুখারী এবং মুসলিম দলীল গ্রহণ করেননি।

আমি (আলবানী) বলছিঃ তারা দু'জন ছাড়া অন্যরাও তার দ্বারা দলীল গ্রহণ করেননি। এ কারণে হাফিয যাহাবী তার সমালোচনা করে বলেছেনঃ ঈসা মিথ্যা বর্ণনা করার দোষে দোষী।

আমি (আলবানী) বলছিঃ তবে বাহ্যিকভাবে যা বুঝা যায় তাতে তিনি এককভাবে হাদীসটি বর্ণনা করেননি। হায়সামী "আলমাজমা" গ্রন্থে (১০/১৮২) বলেনঃ হাদীসটিকে ত্বারানী "আলআওসাত" গ্রন্থে বর্ণনা করেছেন এবং তার সনদটি হাসান।

অতঃপর আমি (আলবানী) "আলমুজামুল আওসাত" গ্রন্থে (৩৭৫৫) হাদীসটির সনদ সম্পর্কে অবগত হই। কিন্তু সেখানেও হাদীসটি ঈসা ইবনু মায়মুন সূত্রেই বর্ণিত হয়েছে যিনি হাকীমের সনদে রয়েছেন। অতএব হাদীসটি খুবই দুর্বলের অবস্থানে রয়ে যাচ্ছে।

আমি (আলবানী) হাদীসটিকে এখানে (খুবই দুর্বল) হিসেবে উল্লেখ করেছি অথচ আমি হায়সামীর অন্ধ অনুসরণ করে সহীহ হিসেবে "সহীহ জামেইস সাগীর" গ্রন্থে উল্লেখ করেছিলাম। আমি ওখান থেকে "যঈফু জামেইস সাগীর" গ্রন্থে স্থানান্তরিত করার আশা করছি। "হে আল্লাহ তুমি আমাদেরকে সে ব্যাপারে ধরো না যে ব্যাপারে ভুলে গেছি অথবা ভুল করেছি।"

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72264>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন